যুগান্তর

তারিখ 26 OCT 2016
পৃষ্ঠা ৭-৬ কলাম ৩

‘বি’ ইউনিটের প্রশ্নে ভুল

## রাবির আইন অনুষদ ডিনের অব্যাহতি দাবি

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদভুক্ত ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নে বঙ্গবন্ধুর হত্যার তথ্যে ভুল হওয়ায় ওই অনুষদের ডিনের অব্যাহতি দাবি করেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভিসির সঙ্গে দেখা করে তারা এ দাবি জানায়। প্রশ্নে এমন ভুলের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে পৃথক বিজ্ঞপ্তিতে জড়িতদের শাস্তির দাবি জানিয়েছে মুক্তিযুদ্ধের চেতনা ও মূল্যবোধে বিশ্বাসী প্রগতিশীল শিক্ষক সমাজ ও বঙ্গবন্ধু পরিষদ। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক খালিদ হাসান বিপ্লব বলেন, ‘বি’ ইউনিটের প্রশ্নে জাতির জনক বঙ্গবন্ধু সম্পর্কে যে ভুল তথ্য উত্থাপন করা হয়েছে, তা থেকে দায় এড়াতে পারেন না ওই অনুষদের ডিন। আমরা ভিসির কাছে দাবি জানিয়েছি, ডিন অধ্যাপক আ ন ম ওয়াহিদকে সাময়িক অব্যাহতি দিয়ে তদন্ত কমিটি গঠন করা হোক।

## শাহজাদপুরে ৮ স্কুল শিক্ষার্থীকে পিটুনি অধ্যক্ষ গ্রেফতার

### এলাকাবাসীর বিক্ষোভ সমাবেশ

**শাহজাদপুর প্রতিনিধি**

মঙ্গলবার দুপুরে সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার পৌর সদরের দ্বারিয়াপুরের রংধনু কিন্ডারগার্টেন স্কুলের ৮ শিক্ষার্থীকে বেধড়ক পেটানোর প্রতিবাদে ও অধ্যক্ষের শাস্তির দাবিতে ওই বিদ্যালয়ের ছাত্রছাত্রী, অভিভাবক ও এলাকাবাসী বিক্ষোভ মিছিল এবং সমাবেশ করেছেন। এ সময় বেশ কিছু ফুলের টব ভাংচুর করেন বিক্ষুব্ধরা। পুলিশ অধ্যক্ষ শহিদুল ইসলাম শাহিনকে গ্রেফতার করেছে। এ ঘটনায় আহত শিক্ষার্থী শিশিরের বাবা বাদী হয়ে শাহজাদপুর থানায় একটি মামলা দায়ের করেছেন। স্কুলটি দু’দিনের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। পুলিশ ও এলাকাবাসী জানায়, সকাল সাড়ে ৯টার দিকে একটি ক্লাস শেষ করে পানি খেতে ওই বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর তাওহিদুর রহমান শিশির, ফারদিন, রাকিব, মেহেদী হাসান মিম, মনোয়ার হোসেন রিজভী, আশিকুল ইসলাম, সাদিকুল হক সাকিব ও ৭ম শ্রেণীর শিপন আহমেদ একসঙ্গে স্কুলের ওয়াশ রুমে যায়। সিসি ক্যামেরায় এই দৃশ্যটি দেখে অধ্যক্ষ শাহিন ওয়াশ রুমে ঢুকে ওই শিক্ষার্থীদের বেধড়ক পিটুনি দেন। এতে ক্যান্সার রোগে আক্রান্ত চিকিৎসাধীন সাদিকুল হক সাকিব ও হার্টের রোগে আক্রান্ত আশিকুল ইসলাম ঘটনাস্থলেই জ্ঞান হারিয়ে ফেলে। খবর পেয়ে অভিভাবক ও স্থানীয় এলাকার লোকজন ওই আহত ছাত্রদের উদ্ধার করে মাথায় পানি ঢেলে তাদের সুস্থ করেন।